1128 500Rs.

INDIA NON JUDICIAL

५०० रु. Rs 500

सत्यमेव जयते

भारत

पांच सौ रुपये FIVE HUNDRED RUPEES

থানা:-সোনারপুর , মৌজা:-রাজপুর ,

৫,০০০, টাকা মূল্যের বিক্রয় কোবালা,

জমি:-৩-১/৬-শতক ,

-------------

কোবালা গ্রহীতা:-

শ্রী রতন চট্টোপাধ্যায় , পিতা:-ঁললিত মোহন চট্টোপাধ্যায় ,
জাতি:-হিন্দু, পেশা:-চাকুরি, সাং:-রাজপুর, থানা:-সোনারপুর,
জেলা:-দক্ষিন ২৪-পরগনা

-::::::::::::::::::::-

কোবালা দাতা:-

শ্রীমতী উমারানী চট্টোপাধ্যায় , স্বামী:-ঁললিত মোহন চট্টোপাধ্যায়, জাতি:-হিন্দু, পেশা:-গৃহস্থালী, সাং:- রাজপুর, ঈশান মিত্র লেন , থানা:-সোনারপুর , জেলা :- দক্ষিন ২৪-পরগনা

*******************

অবস্থায় অত্র দাতা গ্রহীতা সহ মোট ৫ পুত্র এক স্ত্রীকে অর্থাৎ আমাকে বিদ্যমান

৩৭৭ ১৭/২/৯০

Usha Rani Chatterjee

ঊষারানী চট্টোপাধ্যায়

1339

ঊষারানী চট্টোপাধ্যায়

257



কস্য রায়ত স্থিতিবান স্বত্বীয় স্বত্বের খেরাজী বাস্তু কমবেশ ৩-১/৬-শতক জমি মায় সমুদয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে:-

জেলা দক্ষিন ২৪-পরগনা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগনা মেদনমল্ল, মৌজা রাজপুর গ্রামের জেঃ এলঃ নং-৫৫, রাজপুর মিউনিসিপ্যালিটির এলাকাভুক্ত অত্র জেলা কালেকটারির মহাল ১০১ নং তৌজি ভুক্ত বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপের ১০৩৩ নং খতিয়ান ভুক্ত এক জমায় মোট ১১ শতক জমির কাত বার্ষিক ৩ টাকা জমার জমির মধ্যে বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপের ৮০৮ নং দাগে বাস্তু ১১ শতক জমির মধ্যে আমার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত যাহা অত্র সহ নকসায় লাল রং দ্বারা সীমা রেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ৩-১/৬-শতক সম্পত্তি মায় গৃহাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।৮

উক্ত সম্পত্তি বিগত জেলা জরিপের পূর্ব্বে শশী ভূষন পাত্র মহাশয় স্বত্বাধিকারী থাকে তাহার দেহান্তে তাহার একমাত্র পুত্র পয়জার পাত্র ওরফে শিবু পাত্র ওয়ারিশ বিদ্যমান হয় এবং উক্ত শিবুপাত্র ওয়ারিশ বিদ্যমান হয় । উক্ত শিবু পাত্র ভোগ দখলিকার থাকা অবস্থায় তাহার পত্নি শ্রীমতী শিবদাসী ও নাবালিকা কন্যা জুখি ওরফে লক্ষ্মি জনার্দ্দন দাসীকে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া বাংলা ১৩৫৩ সালে পরলোক গমন করেন । অতঃপর উক্ত শিব দাসীকে নিরাপত্তার অভাবে পুষ্টি পিতৃগৃহে অর্থাৎ বিজয় কৃষ্ণ বসু মহাশয়ের বাসভবনে ১৬বি গরচা সেকেন্ড লেন, বালিগঞ্জ এই ঠিকানায় বসবাস করা অবস্থায় নাবালিকা কন্যার ভরন পোষনের জন্য ও অন্যত্র সম্পত্তি খরিদ করিবার জন্য উক্ত সম্পত্তি ললিত মোহন চট্টোপাধ্যায়কে বিক্রয় করেন । অতঃপর উক্ত ললিত মোহন চট্টোপাধ্যায় ভোগ দখলিকার থাকা অবস্থায় অত্র দাতা গ্রহীতা সহ মোট ৫ পুত্র এক স্ত্রীকে অর্থাৎ আমাকে বিদ্যমান

21. 2. 20.

Addl. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)

258

দেহত্যাগ করেন। অতঃপর তাহার দেহান্তে বিগত ইং ২৬।১১।৬১ সাল তারিখে আমরা অত্র দাতা গ্রহীতা সহ অপর শরিকগন বিভাগ বন্টন করিয়া লইয়া নিজ নিজ চিহ্নিত অংশের সম্পত্তিতে ভোগবান ও দখলিকার আছি ও হইতেছি। উহাতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে।৷

এক্ষনে ন্যায় সঙ্গত ও বৈধ কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয়ের জন্য প্রস্তাব ও প্রচার করিলে অত্র গ্রহীতা আমার প্রস্তাবে সম্মত হইয়া বর্ত্তমান দেশাচার বাজারের উচিত মূল্য বেলমোক্তা ৫,০০০্ মং পাঁচ হাজার টাকা নিম্ন জায় মোতাবেক আমাকে আদায় দিলে উক্ত অর্থ প্রাপ্ত হইয়া প্রাপ্তি স্বীকারে অত্র বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিয়া বিক্রীত সম্পত্তির স্বত্ব হইতে চির নিঃস্বত্ব ও দখলিচ্যুত হইলাম।

এক্ষনে আপনি জমার বর্ত্তমান মালিক সরকারে নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্য রাজস্বাদি আদায় দানে, দান, বিক্রয়, বিলি বন্দোবস্ত হস্তান্তর রুপান্তর গৃহাদি নির্ম্মান ইমারতাদি গঠন প্রভৃতি কার্য্যের দ্বারা পুত্র, পৌত্রাদি মায় ওয়ারিশান গনক্রমে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে কালে কস্মিনে আমি মায় ওয়ারিশান গনক্রমে কেহ কোন দিন কোন রকম ওজর আপত্তি দাবি দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক। বিক্রীত সম্পত্তি সম্পূর্ন নিদ্দায় নির্দ্দোষ অবস্থায় অত্র দলিল মূলে আপনাকে বিক্রয় করিয়া ও খোলসা খাস দখল দিয়া অদ্যই চির নিঃস্বত্ববান ও দখলিচ্যুত হইলাম।৷

উপরোক্ত আমার উক্তি গুলির মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশিত হইয়া আপনার খরিদা স্বত্ব দখলের কোন বিঘ্ন বা ক্ষতি হইলে উক্ত ক্ষতি খেসারতের অর্থ মায় সুদ সহ পনের সমুদয় টাকা এক কালিন ফেরত দিতে বাধ্য থাকিলাম।

21.2.20

Addl. District Sub Registrar,
Sonarpur, 24 Parganas (S)

অত্র দলিলের কোন অংশে কোন ভুল ভ্রান্তি বা ত্রুটি বিচ্যুতির জন্য যদি অত্র দলিলের বনিয়াদে নুতন কোন সংশোধন দলিলের আবশ্যক হয় তাহা হইলে বিনা পোন গ্রহনে আপনার তলব মত উক্ত ভুল সংশোধন দলিল রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম। প্রকাশ থাকে যে আপনার অংশে এবং আমার অংশে মোট ২ ভাগে ৬-১/৩-শতক সম্পত্তি একত্রে দেখাশুনা করিয়া আসিতেছিলেন। এক্ষনে আপনার নিজাংশের ৩-১/৬-শতক সম্পত্তি বাদে বক্রি আমার অংশের ৩-১/৬-শতক সম্পত্তি আপনার অনুকুলে অত্র সম্পত্তি অত্র বিক্রয় কোবালায় বিক্রয় করিয়া স্বত্বত্যাগী হইলাম।

এতদর্থে স্বেচ্ছায় সুস্হ শরিরে স্হির ভাব বুদ্ধিমতে থাকিয়া মূল্যের সম্পূর্ন টাকা বুঝিয়া পাইয়া অত্র সাফ্ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম।

ইতি তারিখ:- বাংলা ১৩৯৬ সনের - ৮ই ফাল্গুন।

ইংরাজী ১৯৯০ সালের - ২১শে ফেব্রুয়ারী।

-:: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :: -

***********************************

জেলা দক্ষিন ২৪-পরগনা, থানা ও এ্যা: ডি: সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর, পরগনা মেদনমল্ল, মৌজা রাজপুর গ্রামে জে: এল: নং-৫৫, রে:সা: নং-১০৯, অত্র জেলা কালেক্টারির মহাল ২৬১ নং তৌজি ভুক্ত বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপের ১০৩৩ এক হাজার তেত্রিশ নং খতিয়ান ভুক্ত এক জমায় ১৯ শতক জমির বার্ষিক খাজনা ৩ টাকা জমার মধ্যে বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপে ৮০৮ আট শত আট নং দাগে বাস্তু ১৯ শতক জমির মধ্যে আমার অংশ মোতাবেক প্রাপ্ত যাহা অত্র সহ নকসায় লাল রং দবারা সীমা রেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ৩-১/৬-তিন পূর্ন একের ছয় শতক জমি মায় তদুপরিস্হিত গৃহাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তির বার্ষিক হারাহারি খাজনা ৫২ পয়সা জমার বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে হাল সন আদায়

21.2.20

Addl. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)

আদায় দিতে হয় ।

| হাল খং - | হাল দাগ নং- | রকম | পরিমান:- |
|---|---|---|---|
| ১০৩৩ এক হাজার তেত্রিশ | ৮০৮ আট শত আট | বাস্তু | ৩-১/৬-শতক মায় গৃহাদি সহ |

- :: আপনার সম্পত্তি সহ চৌহদ্দির বিবরন দেওয়া হইল :-

চৌহদ্দী:-

উত্তর:- অপর দাগের জমি ,     দক্ষিন:- ঈশান মিত্র লেন ,

পূর্ব্ব :- ৫'ফুট প্রশস্থ কমন প্যাসেজ ,     পশ্চিম:- অপর দাগের জমি

টাকার জায়:-

অদ্য তারিখে নোটে নগদে প্রাপ্ত ৫,০০০ টাকা ,

মং:- পাঁচ হাজার টাকা মাত্র

মুসাবিদা কারক:-

ইসাদি:-

টাইপ কারক:-

Dilip Roy

শ্রী দিলীপ রায় ,

সোনারপুর-এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস

ADDL. District Sub Registrar,
Sonarpur, 24 Parganas (S)

ADDL. District Sub Registrar,
Sonarpur, 24 Parganas (S)